

নম্বর: ৩৭.০০.০০০০.০৬৯.১৯.০০৫.১৭.৫৮

তারিখ: ৬ মাঘ ১৪২৮

২০ জানুয়ারি ২০২২

প্রজ্ঞাপন

বি.সি.এস.(সাধারণ শিক্ষা) ক্যাডারের নিম্নবর্ণিত কর্মকর্তাগণের নামের পার্শ্বে সময় ও বর্ণিত বিশ্ববিদ্যালয়ের অধীনে পিএইচ.ডি.(পূর্ণকালীন) গবেষণা কোর্সে অধ্যয়নের লক্ষ্যে ভর্তির অনুমতিসহ নিম্নোক্ত শর্তে তাঁদের প্রেষণ মঞ্জুর করা হলো:

ক্রমিক	নাম, পদবী ও কর্মস্থল	কোর্স, শিক্ষাবর্ষ ও বিশ্ববিদ্যালয়	প্রেষণের মেয়াদ
০১	জনাব মোঃ জাহিদুল ইসলাম (১৮৪৮৭) সহকারী অধ্যাপক (রসায়ন) সরকারি সোহরাওয়ার্দী কলেজ, পিরোজপুর।	পিএইচ.ডি.(পূর্ণকালীন) শিক্ষাবর্ষ: ২০২১-২০২২ ইনস্টিটিউট অব এনভায়রনমেন্টাল সায়েন্স (আই.ই.এস) রাজশাহী বিশ্ববিদ্যালয়, রাজশাহী।	২০-০১-২০২২ তারিখ হতে অথবা দায়িত্বভার হস্তান্তরের তারিখ হতে ০১ (এক) বছর।
০২	জনাব মোঃ মঞ্জুরুল হক (২৫৬৯২) প্রভাষক (অর্থনীতি) কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া।	পিএইচ.ডি.(পূর্ণকালীন) শিক্ষাবর্ষ: ২০২১-২০২২ ইনস্টিটিউট অব এনভায়রনমেন্টাল সায়েন্স (আই.ই.এস), রাজশাহী বিশ্ববিদ্যালয়, রাজশাহী।	২০-০১-২০২২ তারিখ হতে অথবা দায়িত্বভার হস্তান্তরের তারিখ হতে ০১ (এক) বছর।


শর্তসমূহ:

- উচ্চ শিক্ষা গ্রহণের অগ্রগতি সংশ্লিষ্ট কর্তৃপক্ষের/কোর্স পরিচালকের প্রত্যয়নপত্রসহ ০৬ (ছয়) মাস অন্তর অন্তর মা.উ.শি অধিদপ্তরের মাধ্যমে মন্ত্রণালয়-কে অবহিত করবেন;
- প্রেষণের মেয়াদ শেষে কর্মস্থলে যোগদানের করে মা.উ.শি অধিদপ্তরের মাধ্যমে মন্ত্রণালয়-কে অবহিত করবেন। অন্যথায় শৃঙ্খলা ভঙ্গের অভিযোগে অভিযুক্ত করে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে;
- কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে কোর্সের বিষয় পরিবর্তন করতে পারবেন না;
- সৃষ্ট রিজার্ভ পদের বিপরীতে প্রাপ্যতা অনুযায়ী বেতন-ভাতাদি উত্তোলন করবেন;
- কোর্সওয়ার্ক শেষে সমন্বিত (কমপ্রিহেনসিভ) পরীক্ষায় আবশ্যিকভাবে উত্তীর্ণ হতে হবে;
- পিএইচ.ডি.(পূর্ণকালীন) কোর্স সম্পন্ন করার জন্য পরবর্তি ০২ বছর প্রেষণ প্রাপ্তির ক্ষেত্রে কর্মকর্তার অধ্যাপনা বিষয়ের সাথে সংশ্লিষ্ট শিরোনামসহ যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে মন্ত্রণালয়ে আবেদন করতে হবে এবং তা মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত হতে হবে। এখানে পুনরায় উল্লেখ্য যে, আবেদনকারীর গবেষণার শিরোনাম আবশ্যিকভাবে অধ্যাপনা বিষয়ের সাথে সংশ্লিষ্ট হতে হবে এবং
- কোর্স সম্পন্ন করে জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম)-এ গবেষণা কর্মের উপর একটি প্রেজেন্টেশন প্রদান করতে হবে।

০২. উল্লেখ্য, প্রেষণকালীন তাঁরা মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা হিসেবে ন্যস্ত থাকবেন।

০৩. এ আদেশ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,



২০-১-২০২২

চৌধুরী সামিয়া ইয়াসমীন
উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)

নম্বর: ৩৭.০০.০০০০.০৬৯.১৯.০০৫.১৭.৫৮/১

তারিখ: ৬ মাঘ ১৪২৮
২০ জানুয়ারি ২০২২

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল:

- ১) মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
- ২) রেজিস্ট্রার.....
- ৩) অধ্যক্ষ.....
- ৪) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৫) উপসচিব, সরকারি কলেজ-১ শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৬) প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, ৪৫ পুরানা পল্টন, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
- ৭) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৮) জনসংযোগ কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
- ৯) জনাব.....
- ১০) ব্যক্তিগত কর্মকর্তা, কলেজ অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ১১) জেলা/উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা.....